একই তারিখ ও স্মারকের স্থলাভিসিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
গাবতলী, বগুড়া ।
www.dls.gabtali.bogra.gov.bd

স্মারক নং-৩৩.০১.১০৪০.০০০.১২.০০২.২২-১৩৫ তারিখঃ- ০৭/০৩/২০২২খ্রিঃ

## নিলাম বিজ্ঞপ্তি

এত দ্বারা উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল গাবতলী, বগুড়া এর ক্যাম্পাসে অবস্থিত ও কনডেমনড ঘোষিত ২টি স্থাপনা নিলামে বিক্রয়ের নিমিত্তে আগ্রহী ক্রেতা ও ব্যবসায়িক প্রতিষ্ঠানের নিকট হইতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্ন বর্ণিত নির্দেশনা মোতাবেক দরপত্র দাখিল করিতে হইবে ।

১। দপ্তরের নাম ঃ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল গাবতলী, বগুড়া ।
২। দরপত্রের দলিল বিক্রয়ের স্থান ঃ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল গাবতলী, বগুড়া ।
৩। দরপত্র দলিল /সিডিউল বিক্রয় সময়ঃ দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ (০৭/০৩/২০২২খ্রিঃ) হতে ১৩/০৩/২০২২ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত (অফিস সময়ের মধ্যে)
৪। দরপত্র দাখিলের তারিখ ও সময়ঃ ১৪/০৩/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.০০টা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত
৫। দরপত্র দাখিলের স্থানঃ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, গাবতলী, বগুড়ায় রক্ষিত সীলগালাকৃত টেন্ডার বাক্সের ভেতরে দরপত্র ফেলিতে হইবে ।

৬। দরপত্র দলিল খোলা ও মূল্যায়নের স্থান
তারিখ ও সময়ঃ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল গাবতলী,বগুড়ায় ১৫/০৩/২২ খ্রিঃ তারিখ বেলা ৩.০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন ) দরপত্রসমূহ খোলা ও মূল্যায়ন করা হইবে ।
৭। দরপত্র দলিলের মূল্য ঃ ৫০০/(পাঁচশত ) টাকা মাত্র (অফেরৎযোগ্য) ।
৮। জামানতের অর্থঃ ২,০০০/- (দুই হাজার) টাকা যেকোন তফশীলি ব্যাংক হইতে নিম্ন স্বাক্ষরকারীর অনুকুলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট করিয়া দরপত্রের সহিত জামানত হিসেবে (কার্য সম্পাদন শেষে ফেরৎ যোগ্য ) দাখিল করিতে হইবে ।
৯। অন্যান্য তথ্যাদিঃ ক) দরপত্রের সহিত দরপত্র দাতার এক কপি সত্যায়িত ছবি জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি ও প্রয়োজনীয় সনদ পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে ।
খ) ১৩/০৩/২২ খ্রিঃ তারিখে নির্ধারিত সময়ের পরে কোন দরপত্র দলিল বিক্রয় করা হইবে না ।
গ) দেয় ও অনুমোদিত মোট দরের সহিত মনোনিত ব্যক্তি/ ঠিকাদারকে বিধি মোতাবেক ( ১০% আয়কর, ১৫% হারে ভ্যাট) এর টাকা নগদ প্রদান করতে হইবে ।
ঘ) দরপত্র দলিল খোলার দিন অনিবার্য কারণবশতঃ কোন কার্যদিবস বিঘ্নিত হইলে পরবর্তী কার্যদিবসে উল্লেখিত স্থানে ও সময়ে দরপত্র গৃহিত ও খোলা হইবে। এর জন্য পৃথক কোন নোটিশ জারি করা হইবে না ।
ঙ) দরপত্র কমিটি যে কোন দরপত্র বা সকল দরপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেখে গ্রহন বা বাতিল করার সম্পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন ।

07/06/2022
(ডাঃ গোপেশ চন্দ্র সরকার)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
গাবতলী ,বগুড়া।

স্মারক নং-৩৩.০১.১০৪০.০০০.১২.০০২.২২- ১৩৫(৬) তারিখঃ- ০৭/০৩/২০২২খ্রিঃ

জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য অনলিপি প্রেরণ করা হলঃ
১। আগ্রহী ক্রেতা ও ব্যবসায়ী প্রতিষ্ঠান............................................................................................।
২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,বগুড়া।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ গাবতলী,বগুড়া ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, গাবতলী, বগুড়া ।
৫। অফিসার্স ইনচার্জ, গাবতলী, বগুড়া - দরপত্র দাখিল, খোলা ও মূল্যায়নের দিন প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো ।
৬। অফিস কপি ।

07/06/2022
(ডাঃ গোপেশ চন্দ্র সরকার)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
গাবতলী ,বগুড়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
গাবতলী, বগুড়া ।
www.dls.gabtali.bogra.gov.bd

স্মারক নং-৩৩.০১.১০৪০.০০০.১২.০০২.২২-১৩৫(ক) তারিখঃ- ০৭/০৩/২০২২খ্রিঃ

"নিলামের শর্তাবলি"

১। দরপত্রের সহিত ২,০০০/-(দুই হাজার) টাকার যে কোন তফসীলি ব্যাংক হইতে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জামানত হিসাবে (কার্য সম্পাদন শেষে ফেরৎ যোগ্য) দাখিল করিতে হইবে ।

২। সরকারী বিধি মোতাবেক মনোনীত ঠিকারদারকে সর্বোচ্চ ও মোট টাকা (রসিদের মাধ্যমে) নগদ পরিশোধ করে তাহার দেয় ও অনুমোদিত দরের অনুকুলে ১৫% ভ্যাট ও ১০% আয়করের টাকার (রসিদের মাধ্যমে) নগদ প্রদান করিতে হইবে ।

৩। দরপত্রের সহিত দরপত্র/সিডিউল ক্রয়ের মূল রসিদ, দরদাতার ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি/নাগরিকতার সনদপত্রের ফটোকপি এবং ব্যসায়ীক ট্রেড লাইসেন্সের ফটোকপি (শুধু ব্যবসায়ীক ক্ষেত্রে) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করিয়া দাখিল করিতে হইবে ।

৪। কার্যাদেশ প্রদানের পর নির্দিষ্ট সময়সীমার মধ্যে নিজ খরচে স্থাপনাগুলি এমনভাবে অপসারণ করিতে হইবে যেন ক্যাম্পাসের কোন সরকারী সম্পদ (তথা-অফিস ভবন,বাউন্ডারী ওয়াল, বৈদ্যুতিক তার/টেলিফোন ও ইন্টানেটের তার,ঘাস ক্ষেত) ক্ষতিগ্রস্থ না হয়, হইলে নিজ খরচে ঠিকাদারকে ঠিক/মেরামত করিয়া/ক্ষতিপূরণ দিতে হইবে।

৫। ঠিকাদারকে দরপত্র ডকুমেন্টস্ এর প্রতি পাতায় স্বাক্ষর, নাম, যোগাযোগের ঠিকানা,মোবাইল নম্বর ও নামের সীল দিতে হইবে ।

৬। দরপত্র ডকুমেন্টস্ ক্রয়ের পর এবং দরপত্র দাখিলের নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে অফিস চলাকালীন সময়ে ক্যাম্পাসের লাল-কালী দ্বারা চিহ্নিত স্থাপনাগুলি পর্যবেক্ষণ/দেখিতে পারিবেন ।

৭। স্থাপনাগুলি ভালোভাবে অপসারণ করিতে হইবে যেন কোন ইটের গুড়া,লোহা ও রাবিশ যেন অবশিষ্ট না থাকে ।

৮। স্থাপনা অপসারণের পর সৃষ্ট গর্ত নিজ খরচে মাটি দ্বারা ভরাট করিতে হইবে ।

৯। কার্যাদেশের নিদিষ্ট সময়সীমার মধ্যে স্থাপনাগুলো অপসারণ করিয়া দিতে হইবে, অন্যথায় জামানতের অর্থ বাজেয়াপ্তসহ আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হইবে। এ ব্যপারে ঠিকাদার আইনের আশ্রয় গ্রহন করিতে পারিবেন না।

১০। কোন ক্রমেই জামানোতের টাকা স্থাপনার মূল্যের সহিত সমন্বয় করা হইবে না ।

১১। কার্যাদেশ প্রাপ্তির পর নির্ধারিত সময়ের মধ্যে কর্তৃপক্ষের উপস্থিতিতে কৃতকার্য্য দরদাতা অফিস চলাকালীন সময়ে নিজস্ব শ্রমিক দ্বারা স্থাপনাগুলো অপসারণ করিয়া লইবেন ।

১২। দরপত্র খোলার দিন অনিবার্য কারণবশতঃ কোন কার্যদিবস বিঘ্নিত হইলে পরবর্তী কার্যদিবসে উল্লেখিত স্থানে ও সময়ে দরপত্র গৃহিত ও খোলা হইবে। এ জন্য পৃথক কোন নোটিশ জারী করা হইবে না ।

১৩। দরপত্র কমিটি যে কোন বা সকল দরপত্র কোন কারণ দর্শানো ব্যাতিরেকে গ্রহন বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন ।

দরদাতার স্বাক্ষরঃ- মসিউর

নামঃ- মোঃ মসিউর রহমান

ঠিকানাঃ- গাবতলি বগুড়া,

তারিখঃ-

07/06/2022
(ডাঃ গোপেশ চন্দ্র সরকার)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকত
গাবতলী,বগুড়া ।
০১৭১১০৩৪০৫২